

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ এপ্রিল ২০২২

৫ টাকার বিনিময়ে ঈদ শপিং উদ্বোধন অনুষ্ঠানে মেয়র দেশকে এগিয়ে নিতে হলে ভবিষ্যৎ প্রজন্মকে আমাদের সুরক্ষার দায়িত্ব নিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দেশকে এগিয়ে নিতে শিশু কিশোরসহ সকল শ্রেণী পেশার মানুষের সুরক্ষা নিশ্চিত করতে হবে। একই সাথে নারী পুরুষের কর্মসংস্থানকে গুরুত্ব দিতে হবে। তিনি মাহে রমজান শেষে ঈদের আনন্দ ভাগাভাগি করতে ৫ টাকার বিনিময়ে ঈদ শপিংয়ের আয়োজনকে একটি প্রশংসনীয় উদ্যোগ বলে অভিমত ব্যক্ত করেন। আজ মঙ্গলবার সকালে শুলকবহর ওয়ার্ডস্থ একটি কমিউনিটি সেন্টারে ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলমের সভাপতিত্বে শিশু কিশোরদের মাঝে ৫ টাকায় ঈদ শপিং অনুষ্ঠানের উদ্বোধন কালে একথা বলেন। সামাজিক সংগঠন বিজয় কেতনের সহযোগিতায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি নূরুল নাহার ফুলো, আতিকুর রহমান, আনিকা তাসমিন, মেহেরুল্লাহা জেসি প্রমুখ।

মেয়র আরো বলেন, সমাজের ধনাঢ্য ব্যক্তিদের গরিব অসহায় মানুষের পাশে দাঁড়ানো উচিত। তিনি ৫ টাকায় বিনিময়ে শিশু কিশোরদের ঈদ শপিং আয়োজনকে সকলে অনুকরণ করতে পারলে দারিদ্র বিমোচনের একটি ক্ষেত্র হিসেবে বিবেচিত হবে বলে অভিমত প্রকাশ করেন। পরে মেয়র শিশু কিশোরদের কাছে পাঁচ টাকার বিনিময়ে ঈদ শপিং কার্যক্রমের উদ্বোধন করেন।

চসিক সিবিএ ও চালক ঐক্য পরিষদের যৌথ উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শ্রমিক লীগ ও চালক ঐক্য পরিষদের যৌথ উদ্যোগে গতকাল সোমবার সাগরিকা আঞ্চলিক কার্যালয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। চালক ঐক্য পরিষদের সভাপতি মো. সালাউদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মহিউদ্দিন সরকারের সঞ্চালনায় ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী এবং বিশেষ অতিথি ছিলেন ওয়ার্ড কাউন্সিলর ড. নিহার উদ্দিন আহম্মদ মঞ্জু, লায়ন মো. ইলিয়াছ, মো. ইসমাইল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আকবর আলী, চসিক সিবিএ সভাপতি মো. ফরিদ উদ্দিন, সাধারণ সম্পাদক মো. মুজিবুল হক, মো. শফিকুল ইসলাম, চালক ঐক্য পরিষদের মো. নূরুল আনোয়ার প্রমুখ।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা করার দায়ে
৮ ব্যক্তিকে ১০ হাজার ৫ শত জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে পোর্ট কানেস্টিং রোডের নয়াবাজার ও সরাইপাড়া এলাকায় ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল, বিক্রির জন্য লোহাজাত দ্রব্য স্তুপ ও নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলের প্রতিবন্ধকতার সৃষ্টির দায়ে ৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে হালিশহর থানাধীন ফইল্ল্যাতলী বাজারে নিষিদ্ধ ঘোষিত পলিথিনের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

সরাইপাড়া ওয়ার্ড বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মেয়র রেজাউল করিম চৌধুরী

প্রধানমন্ত্রী দেশবাসীর সামাজিক সুরক্ষা নিশ্চিত করছেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ঈদুল ফিতরকে সামনে রেখে প্রধানমন্ত্রী বাসস্থানহীন জনগণের জন্যে ঘর উপহার দিচ্ছেন। চট্টগ্রামের আনোয়ারা উপজেলা, বাঞ্ছনবাড়িয়া, বরিশাল জেলাসহ দেশের অন্যান্য জেলায় ৩২ হাজার বাড়ি নির্মাণ করে দিচ্ছেন। এছাড়া টিসিবির রেশন কার্ডের মাধ্যমে জনগণের মাঝে ভুক্তি মূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রির ফলে পবিত্র রমজান মাসে জিনিসপত্রের দাম মানুষের নাগালের মধ্যে ছিল।

ঈদের সময় যাদের আর্থিক সংকট হতে পরে তাদের নগদ ও বিকাশ একাউন্টে টাকা পাঠিয়ে প্রধানমন্ত্রী সরাসরি জনগণের সাথে যোগাযোগ রক্ষা করছেন। উপরোক্ত কথাগুলো ১২নং সরাই পাড়া ওয়ার্ডে প্রধানমন্ত্রীর আহ্বানে ঈদ উপহার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি উপরোক্ত কথাগুলো বলেছেন।

জনক-জননী ওয়েল ফেয়ার ফাউন্ডেশন চট্টগ্রামের উদ্যোগে ১২নং সরাইপাড়া ওয়ার্ডের পাহাড়তলী নূর কনভেনশন সেন্টারে সংগঠনের প্রধান নির্বাহী ফরিদ মাহমুদের সভাপতিত্বে সভা পরিচালনা করেন ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম আহ্বায়ক এবিএম লুৎফুল হক খুশী। বক্তব্য রাখেন ওয়ার্ড কাউন্সিলার ও ওয়ার্ড আওয়ামীলীগ আহ্বায়ক নুরুল আমিন, থানা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ আসলাম হোসেন, আওয়ামী লীগ যুগ্ম আহ্বায়ক সাবেক কাউন্সিলার ছাবের আহমেদ সওদাগর, লায়ন এম শওকত আলী, থানা আওয়ামীলীগ যুগ্ম সম্পাদক ডাক্তার নুরুল ইসলাম, পাহাড়তলী বনিক সমিতির সেক্রেটারী এসএম নিজাম উদ্দীন, চট্টগ্রাম মহানগর যুবলীগ সদস্য নেহার আহমেদ, শেখ নাছির আহমেদ, দেলোয়ার হোসেন দেলু, মোহাম্মদ মুজিবুর রহমান, হোসেন সরওয়ার্দী, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা আলী হোসেন, মোহাম্মদ জাবেদ, শেখ রাজিব আহমেদ, ডাক্তার মোহাম্মদ ইকবাল, শাহেদুল আলম রাশেদ, বারুল, দাশ বাবলু, দেলোয়ার হোসেন সুমন, আনিছুর রহমান মামুন, মোহাম্মদ আজাদ, ইমরান আলী রাজু, ইয়াছিন ভূঁইয়্যা, মহিলা শ্রমিক লীগ নেত্রী রুমা মোস্তফা, ওয়ার্ড ছাত্রলীগ সভাপতি এম এ হান্নান ফয়সাল, সাধারণ সম্পাদক ঈমাম হোসেন ইমন প্রমুখ।

আলোচনা সভার শেষে মেয়র উপস্থিত নারী পুরুষের হাতে শাড়ি-লুঙ্গী তুলে দেন। পরে ভেলুয়ার দিঘি জামে মসজিদের খতিব আলহাজ্ব মওলানা মোক্তার আহমেদ দেশ-জাতী, বঙ্গবন্ধু প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বিশেষ মুনাজাত পরিচালনা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩